Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতৃ প্রসাদ

☆☆
☆

মৌনী মা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতৃ-প্রসাদ

মৌনীমা

শ্রীশ্রীমা আনন্দময়ী আশ্রম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরাগী বৈরাগী হইয়া ছিলাম অনেক কাল,
গুরু এনে দিলেন জ্ঞান অজ্ঞানের পার,
গুরু কৃপা ভারি চমৎক

(৩)

রূপগুণে বদ্ধ আমি নই
আলগা হ'য়ে রই।
খাস মহলে বসে আছি
উদাস আমার ঠাই।
যেখানে আছি সেখানে থাকি
যাওয়ার ফাঁক নাই
আত্ম ভোলা তাই।

(৪)

এমন একটি আছে জায়গা
আপনে আপনে অশ্রু ঝরে, আনন্দের ধারা,
বাক্য মন ফিরে আসে, মুখে বলা যায় না।
প্রাণ কিছু নাহি চায়
কেবল উদাস পথে ধায়।
প্রান ছিলনা কার কাছে
কেবল ছিল উদাস পথে
মা ধরাইয়া দিলেন তাই
আমি বুঝিতে পারি নাই।
আকর্ষণ শূন্য—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অস্ত্র থাকে যদি হাতে
কাটতে কাটতে কেটে যাবে
বাঁধা দিবে কোন জনে।
না জানিয়া নিজ তত্ত্ব, কান্দিয়াছি অবিরত।
সুখে দুঃখে কান্দিয়াছি এত
মায়ের কাছে পৌঁছিয়াছে, মা বলিয়াছেন কত।

(৫)

সাধকের জমি ছিল উর্ব্বরা।
ফুল ফুটেছে বাগান ভরা
তুলবে কে বলনা ?
মালি এখন নাই বাগানে
আপন ঘরে বিশ্রাম করে।
আপনি আপনি চল্‌ছে ভোলা আপনি রসময়
আপন ভোলা কয়।
আপন রসে বাদাম তুলে।
বসে আছে আপন ভোলা
তরী বাইতে হয় না।

(৬)

বিদ্যার থেকে জন্ম আমার
বিদ্যাধরি নাম
সরসে সরসী আমি, নাইকো আমার ধাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীয়ন্তে জ্বলন্ত আমি, ধূয়ার মত রই
নাই আমার থই

অতিথি এসেছি ভবে দু'দিনের তরে।
প্রবাসে দুঃখ কষ্ট নিতেই হয়
আপন বাড়ী'ত নয়।

আপন ঘর মধুময়।
জীয়ন্তে জ্বলন্ত আমি, উদাস আমার ঠাঁই,
আমি বলে কোন ব্যক্তি নাই।
আমি আমি বলে।

সরস্বতী জ্ঞানেতে গরীয়ান
ভুলেতে ভোলা, বুদ্ধিতে সরস্বতী
লক্ষ্মী স্বরূপা।

নিরাকার জায়গাটি কেমন
চন্দ্র সূর্য্যের আলো নাই
পরমজ্যোতি তাই।

ঐত আমার ঠাঁই
যাওয়া আসার ফাঁক নাই
ঐত আমার ঠাঁই।

দেবতা পূজাদি হইয়াছে শেষ
মায়ের কৃপা অশেষ।
পরীক্ষায় উত্তীর্ণ, উৎপত্তি নাশ, অমৃতে বাস.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধন করিতে করিতে জীয়ন্তে মরা হ'তে হয়
মরা না হইল অমর নাহি হয়।

(৭)

বিষয় বলে বলিয়ান মন
মন মরা হইলে সাধন সফল
মরা দেহে জীবন পেলাম
আপন ঘরে গেলাম
যোগ বিয়োগের অধীন নাই
মুক্তি বলে কথা নাই, অমৃতে ঠাই।
আপন ভোলা কয়, মায়ের কৃপায় হয়
মায়ের কৃপায় ব্যাপার হইল
ধারাটী বদ্‌লে গেল
আগের মানুষ নেই।

(৮)

অল্পে সন্তুষ্ট, অল্প কথা কয়,
সত্য ধরে রয়
সাধনে তার হয় জয় জয়।
দুঃখ কষ্টে উদাস আসে, পরে নাহি থাকে
তাহা নয়
উদাস পথে লেগে থাকিতে হয়।
এমন একটী আছে জায়গা
মনেও থাকে না, ভুলেও যায় না
আছে মাত্র সেই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৯)

মান অভিমান দুঃখময়
সাধনে অনিষ্ট হয়
তাই ভাবিয়া চলভাই
যোগেতে জেগে থাক সদাই।
প্রথমে ঠাকুর ঠাকুর, তুমি আমি চলে
তাহার পরে আপনি আপনি
নিজে নিজে বলে।

(১০)

প্রথমে গুরু হাত ধরে চলেন
তাহার পরে হাত ছেড়ে
দুইয়ের বাধন ভেঙ্গে, স্বাধীন করে দেন!
একলা করে দেন।
একলা একলা চলে ভোলা
একলা কথা কয়
আর ত ; কেহ নয়। একলা কথা কয়।

(১১)

প্রেমের বাঁধন গেল টুটে
একলা আছি উদাস পথে
সংসারে দেবতাগণে কত বাঁধিল প্রেমের বাঁধনে
সব গেল টুটে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবতারা আত্মায় উদ্ভব, আত্মায় কথা কয়
আত্মায় লয়।
মূলে কোন ভুল নাই অমৃত ময়
মরমে মরমি হইয়া আছে হৃদয় কোণে।
কথা হইল এই সকলই সেই।

(১২)

যেমন আসে তেমন লিখি আমি কিন্তু নেই।
সাধন পথে পথের শোভায় মুগ্ধ হলে তুমি
মূলে যেতে ভুলে যাবে বলে দিলাম আমি।
সাধনে সাবধান থাকিতে হয়
কিন্তু গুরুবল মন্ত্রবল
হাত ধরে পার করিবেন কিবা আছে ভয়।

(১৩)

আমি তুমি ভিন্ন কিছু নয়
গুরুকে প্রধান রাখিতে হয়
গুরু বলে বলিয়ান হও যদি তুমি
পাহাড় দলিয়া যাবে এখনই।
গুরু মানে আত্মা সর্ব্বঘটে রয়
সর্ব্ব ঘটে থেকে থেকে অনেক কথা কয়
ব্রহ্ম সর্ব্বময়, ব্রহ্ম সর্ব্বময়
আর'ত কিছু নয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪)

গুরু মানে তোমার আত্মা
মনে রেখ তুমি
এক ছাড়া দুই নাই এইত হইল বাণী।
সাধন পথে পাহাড় কেটে
রাস্তা করে দেন গুরু
নাচিতে নাচিতে চলে যাও আনন্দ ভরপূর।

(১৫)

শ্রীমা টেনে আনিলেন আপন ঘরে
সাধন ধারা গেল বদলে
মা আনিলেন আপন ঘরে
নূতন ছাঁচে গড়ে।
নূতন রাজ্যে প্রবেশ করে দেখিলাম ভাই
আর কেহ'ত নাই, একলা আমার ঠাই।
সবার মধ্যে থেকেও কিছুর মধ্যে নাই
মুখের ভাষা নয়, কার্য্যে পরিণত হয়।
দোষে গুণে নাহি পায়
পাপ পুণ্য নাই, এমনি জায়গা ভাই
আত্মভোলা তাই
যোগ বিভূতি নাইক হেথা
আপনি আপনি বলছে কথা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৬)

ঐ যে আমার পুরাণ ঘর
কাঁপছে সবে থর থর।
বলে একি হইল ব্যাপার ;
যা পায়না ব্রহ্মাআদি তাই পেল এবার।
ভাবিয়া চমকিত হইল দেবতারা
বলে এ বড় বিষম কথা।
পূর্ব্বে শ্রীকৃষ্ণ ভজিত ; এখন বলে আত্মা।
কৃষ্ণ ভজিয়া পাইত কত সুখ।
এখন বলে আত্ম স্বরূপ আপনি রসময়।
শুনিয়া দেবতাদের বাণী আত্মভোলা কয়
মায়ের কৃপায় হয়।
মোহ নিদ্রা হইতে মহা জাগরণ
অপূর্ব্ব শক্তি করেছি ধারণ।

(১৭)

যেমন আসে তেমন লিখি
না আসিলে রসে থাকি
নরলোকের প্রীতি হইতেও দেবতাদের অধিক প্রীতি।
সেই প্রীতি হইতে সাধক আলগা হইল
গুরু কৃপা অতি।

(১৮)

চিন্তা রাশি চিতার আগুন জ্বল্‌ত' দিবানিশি
ইহাতে সাধনের বিঘ্ন অতি বেশী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা বলিলেন আমি আছি তোমার কাছে
কোন চিন্তা নাই।
শুনিয়া মায়ের অভয়বাণী-
চিন্তা পালায় তখনি।
সংসার একটি বিষধর সর্প ;
সকল সময় দংশন করে
জীব কান্দে অবিরত।
মায়ার খেলায় ক্ষণিক সুখে প্রাণ হারায়
কি হবে উপায়।
জন্ম মৃত্যুর পার হইতে হইলে
সংসার হইতে সৃষ্টি হইতে আলগা হইতে হয়

(১৯)

রসাল সৃষ্টি মাধুর্য্য মরিচিকা ভবন
আকাশবৎ শূন্য।
মন্ত্র গুরু, মন্ত্র ঈশ্বর, মন্ত্র হইল সার,
আত্মানন্দ পরমানন্দ সোঽহং সোঽহং
বলছে বার বার।
অতি আশ্চর্য্য কথা
শ্রীকৃষ্ণ লীলায় মন নাই
আছি আমি একলা

(২০)

ছুইওনা ছুইওনা আমায়
আমি আলগা হইয়া আছি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছুইতে আমায় বারণ।
শ্রীকৃষ্ণ হাসিয়া কয়,
আমার পীরিতি যাবার নয়
আপন রসে রয় অতি মধুময়।
আলগা মানে হইল এই
মায়া মোহে স্পর্শ সুখে নেই।
অস্পর্শ যোগ এমন একটি আছে জায়গা
প্রবেশ করিতে পারেনা মায়া
ভালরে ভাল এই কি হইল
এথা আপনে আপনে অশ্রু ঝরে
নাইকো কোন ব্যথা

(২১)

পরাণভরে মায়ের কথা বলি ভাই
মা হলেন প্রধান গুরু, সর্ব্বভুতে ঠাই।
মাতৃ শক্তি হৃদয় মাঝে আর ত কিছু নাই।
শক্তি শক্তিমান দুইই মহান
তা হলেও মাতৃশক্তি প্রধান।
জন্মাবধি মায়ের কোলে
মা ফেলেন না কোন কালে
সাধনে জাগাইয়া দিয়ে আত্মযোগে রয়
মায়ের মত পরম আরাধ্য আর কেবা হয়।
মাতৃশক্তি জাগ্রত হইলে পাপ পুণ্য ক্ষয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমরা সবাই আছি মায়ের কোলে
মা ফেলেন না কোন কালে
পার করে দেন ভব পারে
কিবা আছে ভয়।

(২২)

সুখে দুঃখে স্থিরতা ; সুখ দুঃখ কেবল ফাঁকা
বাল্য খেলার মত গেল জীবন চলি
রইল কি, বলব কি, ভাষা নাই বলিতে
আছেন তিনি হৃদয় কোণে।
কি সৌভাগ্য করে এসেছিলাম ভবে
মা বলেছেন সকল সময় আছেন হৃদয় কোণে
আত্মতত্ত্ব অবগত অতি সুদূর্লভ
মরা গাঙ্গে জোয়ার এসেছে, মহা কৃপায় হয়
দীনের প্রতি করিলেন দয়া
মেঘ কেটে চিত্ত আকাশে অরুণ উঠেছে।
এই অরুণ স্নিগ্ধ অতিশয়, করুণা ময়।

(২৩)

স্নিগ্ধ যেমন চন্দ্র জ্যোতি,
তেমন স্নিগ্ধ হৃদয়খানি
থেকে থেকে ডুবে যায়
আত্ম তত্ত্ব প্রকাশ করা শক্ত
আপন আপন সাধনে জানিবে তত্ত্ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাপড় ছাড়ার মত স্তর বিভাগটি হইয়ে গেল
বাহ্য জগতে সাধনস্তর বিভাগে সম্বন্ধ বোধ থাকে
কাপড় ছাড়ার মত ছাড়তে ছাড়তে ছেড়ে যায় পরে
আলগা হইতে হইতে এমন আলগা হয়
লাগতে গেলে লাগেনা পিছল হয়ে রয়।

(২৪)

বর্ষা বাদল গেল চলি
নীল উৎপল চন্দ্রমণি
শান্ত হল হৃদয়খানি।
জ্ঞানি বলে ব্রহ্ম ব্রহ্ম
ভক্ত বলে ভগবান
ভক্তিতে কাঁদে ভক্তের প্রাণ
জ্ঞাণী বলে আমিই সেই মহান।
জ্ঞান ভক্তি যুগল তরণী
এক পাইলে দুই পায়
এইত হইল বাণী।

(২৫)

সাধনে নিরন্তর লেগে থাকিতে হয়
সকল সময় স্মরণ
উদাস উদাস প্রাণ
বিষয় সুখে নাহি মন
সকল সময় স্মরণ এইত হইল ভজন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকুল হয়ে কাঁদে পরাণ সকল সময় স্মরণ
মৃত্যু যখন গ্রাস করে ; সময় অসময় নাহি মানে
যুবা বৃদ্ধ নাহি মানে।
সাধন করে লহ আত্মপরিচয়
সময় তোমার অনেক আছে এমন কথা নয়।
তাড়াতাড়ী কর সবে, আয়ু তোমার কমে আসছে
দিন গেলরে দিন গেল, হরি হরি হরি বল।

(২৬)

সখিদের মধ্যে প্রধানা বলে হইয়াছিল অহঙ্কার
তাহার ফলে শাপ গ্রস্ত ; মর্ত্তে এসে দুঃখ বার বার
যা গেছে দুঃখ কষ্ট ছেলেখেলার মত
না জানিয়া নিজতত্ত্ব কান্দিয়াছি অবিরত
খেলার সাথী গেল চলে
একলা আছি আপন ঘরে
কি জানি কি হল ভাই
আপনে আপনে বদ্‌লে গেল
আগের মানুষ নাই।

(২৭)

উদাসিনতাই সাধনা
জপ তপ করতে হয় ; উদাস ভাবই প্রধান রয়
বিষয় ভোগে ভাল না লাগা ইহাই উদাসীনতা
সর্বময় এক আত্মা
ইষ্টের সঙ্গে এক হইয়ে যাওয়াই মূল কথা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৮)

স্বর্গ হতে নেমে এল দেবতারা সবে
বলে কি বল্‌ছ বারে বারে,
আছেন তিনি হৃদয় কোণে ?
সাধক শুনিয়া কয় তোমরা আছ স্বর্গসুখে
বাহ্য সুখ নয় সুখের মধ্যে
সাধন পথে চল—ত্যাগ বৈরাগ্যে
দেখবে তখন আছেন তিনি হৃদয় কোণে
জীবন হবে সফল
কেবল হরি হরি হরি বল।

(২৯)

কত পর্দ্দা উঠে গেল কত অভিনয়
সত্য কেবল আত্ম স্বরূপ আর'ত কিছু নয়।
উদাস হতে হতে এমন আলগা হয়
যেন খসে পড়ে রয়
সাংখ্য দর্শন পাতঞ্জল
সবই ব্রহ্মকথা ব্রহ্মময়
ছয় সাতজন করেছিলাম গুরু
মা বলিলেন তুমি যতই কর গুরু
আমি তোমার বুকের এক কোণায় থাকিবই।
কথা সত্য হইল ভাই
মাই রইলেন বুক জুড়ে, আর'ত কেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি জানি কি হল
আপ্‌নে আপনে চরণতলে খসে পড়ে গেল।
আর'ত কিছু নাই সম্বল
অহেতু কৃপাই কেবল।

(৩০)

জ্বলিতং না হয় গলিতং
দুইটির একটি হলেই হল
জ্বলে গলে দেখবে কি ভাই
পারা পার নাই।

(৩১)

যতই করি বলাবলি
যতই করি লেখালেখি
তাঁহার মতন হয়না
হালকা পাতলা কথায় রয়
তাঁহার মতন নাহি হয়
একি হল ভাই
বলিতে গেলে বলা যায় না
বাক্য ফিরে যায়।
কি বলিব, বলতে গেলে যায়না বলা
ধরতে গেলে যায় না ধরা
জায়গাটি হল এই
স্পর্শ যোগে নেই, স্পর্শ যোগে নেই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩২)

সাধক কেঁদে কেঁদে মরার মত ঘুরে বেড়াইত।
গুরু কৃপায় আপন ঘর পেল।
সাধকের সাধন বিচিত্রময়, নাই কোন অন্ত
সাধক প্রথম দেখে সর্পময়, তার পরে দেখে দড়ি
তার পর দেখে দড়িও নাই সর্ব্বময় হরি।
ব্রহ্মানন্দং পরম সুখদং কেবলং জ্ঞান মূর্ত্তিং
রূপান্তর হইয়ে যা হল তা ভালই হল
যাহা আছে তাহাই রইল
বলতে গেলে অনেক কথা
ঘুরে ফিরে সেই একই কথা।

(৩৩)

শোন বলি ভাই ভগ্নীগণ, করি মিনতি
তোমরাও সবে ব্রহ্মপথে চল, ভজনে রাখ মতি
সময় কিন্তু নাই, সংসার কেবল দুঃখের ঠাঁই
ভজনে থাক সদাই।
দুর্ব্বলতা ছেড়ে উঠে পড়ে লাগ
ভজনই প্রধান রাখ
ভজনই ভগবান
ইষ্টের সঙ্গে এক হইলে পাইবে প্রমাণ।

(৩৪)

ভুল ভ্রান্তি নাইকো আমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা জাগিলে ঘুমায় না আর
মা হলেন চির জাগ্রত
জীব চায়না বলে থাকেন ঘুমের মত
ইড়া, পিঙ্গলা সুষুম্না দিয়ে মা উর্দ্ধ গতি হয়
থেকে থেকে কত কথা কয় অতি মধুময়।
মায়ের মুখের কথা
আকুল প্রাণে ডাকলে পরে রইতে পারি কৈ
আর্ত্তনাদে জেগে উঠি মাভৈ মাভৈ মাভৈ।

(৩৫)

সকল সময় আছেন মহান
দেখবে তুমি জাগলে পরাণ
কৃপা-বারী এতে ধরে নাকো
আঁধারটি বড় ছোট।
উপ্‌চে উপ্‌চে পড়তে চায়
আবার থেমে যায়।
শোন বলি মা জেগে কি করেন
স্তর বিভাগে দৌড়া দৌড়ি
হাসি কান্না লুকোচুরি
ঘুমটা দিয়ে থাকেন কাছে।
দেখতে পায়না জীবে।
জীব বোঝেনা কিছু
মা যে আছেন পিছু পিছু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা খেলতে ভালবাসেন।
মহান হয়ে জীবের সঙ্গে খেলছেন অবিরত
খেলার ভঙ্গি এত সুন্দর
কেবল বলেন এক তত্ত্ব।

(৩৬)

সাধক যখন খেলতে খেলতে হয়রাণ হইয়ে যায়
যেন ধরা দিয়ে বলেন মা
তুমি আমি এক আত্মা
আত্মানন্দ পরমানন্দ সোঽহং সোঽহং
বলছে বারে বারে
অবিদ্যার সঙ্গে লড়াই করে দুঃখ গেল দূরে।

(৩৭)

স্বপ্ন, জাগ্রত সুষুপ্তি সাধন
স্তর বিভাগে যত আছে অনুভূতি
সবই আত্মার উদ্ভব আত্মায় নয়
এ অতি সরল কথা বুঝতে কিছু কঠিন নয়
আপন আপন সাধনে বুঝে নিতে হয়।

(৩৮)

সাধক দড়ি দেখিয়া করে সাপের ভয়
দৃষ্টিভঙ্গি ফিরে গেলে সবই ব্রহ্মময়
বাগানে ফুল ফুটেছে ভাল
মালি গন্ধ নাহি নিল, পরশ নাহি দিল
উদাস প্রাণে চেয়ে রইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৯)

জীব আত্মা শুদ্ধ হইতে হইতে বিশুদ্ধ হয়
অতি নির্ম্মল গঙ্গা জল
ডোবার জল গঙ্গায় মিশিলে গঙ্গাই ত কয়।
জলে জল মিশিলে কে ধরিতে পারে
জীবআত্মা পরম আত্মা একিভূত মিশ্রণ যোগে রয়
ভিন্ন কিছু নয়।
নাহি জানি সাধন ভজন
মায়ের কৃপা কেবলম্।

(৪০)

আত্মতত্ত্ব প্রকাশ কি করে বা বুঝাই
বলতে গেলে থেমে যায় কি করে বা বুঝাই
বলতে গেলে ডুবে যায় কি করে বা বুঝাই
দেখার মধ্যে নেই, কথার মধ্যে নেই, স্পর্শ যোগে নেই
সবার মধ্যে থেকেও কিছুর মধ্যে নেই
এ বড় কঠিন ঠাই, কি করে বা বুঝাই
স্থিতি গতি নাই।

(৪১)

ব্যবহার নাই, ব্যবহারে আছে
ইন্দ্রিয়গুলি বলে আমরা কিছু চাই না
আমরা কিছু চাইনা শান্ত হয়ে রহে
মন ঘোড়াটা গেছে মরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়গুলি শান্তি পেয়ে আছে শান্ত হয়ে
মন ঘোড়াটী খাদ্য খাওয়া না পেয়ে
শুকাতে শুকাতে গেল মরে।

(৪২)

আপন কথা আপনি বলে, আর'ত কেহ নাহি শুনে
তত্ত্ব আলোচনা করা ভাল হৃদয়-গ্রন্থি খোলে
অহং বুদ্ধি নাশ, সারা জীবনে যত ছিল মল
সবই ধৌত হইল কৃপায়ই কেবল।

(৪৩)

সত্য ধরে থাকিবে সর্ব্বক্ষণ
সত্যের বল সিংহের গর্জ্জন
সাধকের থাকে যদি সত্য স্মরণ
আস্তে আস্তে চেতন হবে, নাই কো তার মরণ।
বাগানে যত ছিল ফুলের কলি সব গেল ফুটি
যত ছিল অনুভূতি সবশুদ্ধ জেগে গেল
কেউ রইলনা বাকি
সবে মিলে একে ডুবাডুবি একে অবস্থান
আনন্দ ধাম।

(৪৪)

সাধক সাধনপথে স্তর বিভাগে অনেক কথা বলে
তাহার পরে এক হয়ে মৌনি হয়ে যায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কে কারে বলবে কথা
সবই হল এক আত্মা।

(৪৫)

জীব মায়া মোহে অন্ধকারে মাকে যায় ভুলে
মা ভোলেন না কোন কালে
বিপদ হইতে রক্ষা করেন, থাকেন কাছে কাছে।
জীব যখন দুঃখ পেয়ে মাকে করে স্মরণ
মা বলেন কোন চিন্তা নাই আমি আছি সর্ব্বক্ষণ।
কত জায়গা ঘুরে এলাম কোথাও হল না ঠাই
অবশেষে মায়ের কোলে বিশ্রাম পেয়ে
আনন্দে আছি ভাই।

এ যে আমার মা
সর্ব্বময় এক আত্মা, সর্ব্বভূতে ঠাই
মায়ের তত্ত্ব বুঝিতে কঠিন কিছু নাই।

(৪৬)

আগেও ছিলনা দুঃখ, পরেও নাই
মধ্যখানে মায়ার বন্ধন
দুঃখ হল তাই জীবদশায় থাকিব কেন
ধ্রুব সত্য আমিই ব্রহ্ম,
আপন রসে রসিক হয়ে বল্‌ছি ব্রহ্মতত্ত্ব
ধ্রুব সত্য, ধ্রুব সত্য আমিই সেই ব্রহ্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সার্থক জীবন মম সার্থক সাধন
ডোবার জল গঙ্গা হল, ব্রহ্ম-নিকেতন।
মোক্ষ মোক্ষ বলে সবে
মোক্ষ থাকে স্তর বিভাগে
মোক্ষ অমোক্ষ নাই আত্মাতে।

(৪৭)

মা মতি মা গতি মা পরমপতি।
বিষয় রসে ডুবে ছিলাম বলে।
পতি নেয় নাই আমায় ঘরে ভ্রষ্টা নারী বলে।
স্মরণাগত হয়ে, সাধন করে শুদ্ধ হলেম পরে
আদর করে বুকে জড়িয়ে নিলেন আপন ঘরে।
এই কথা সকলের পক্ষেই সমান
বিষয় রসে থাকলে পরে পায় না সেই মহান।
ঘুরে ফিরে দেখলেম ভাই
মা ছাড়া আর'ত কেহ নাই।
সকলেরই'ত আছে মা, বুঝে নেত তাই
কৃত কৃতার্থ হলেম ভাই, জীবনে আর মরণ নাই।

(৪৮)

সত্য ধর সত্য বল সত্যকর সার
সত্য করিবে তোমায় ভব পার
ফুটিলে কুসুম কলি গুন গুন গুন করে গন্ধে আসে অলি
ভ্রমর বলে আমি খাব মধু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভ্রমরী বলে নাহি দিব মধু
ভ্রমরী বলে আমি শক্তি স্বরূপা
আমার ভজন না করিলে মধু পাবে না।

ভ্রমর বলে কি বলে ভ্রমরী, এ যা ছোট মুখে বড় কথা
ভ্রমরী কয় শক্তি ছাড়া সৃষ্টি নয়,
এক আত্মা সর্ব্বময়
ছোট বড় কেহ নয়, অজ্ঞানে এসব কথা হয়।

ভ্রমর শুনিয়া ভ্রমরীর কথা
চিন্তিত হইয়া বসিল ভজনে।
ধ্যানেতে আসিল দিব্যমূর্ত্তি শক্তি স্বরূপা
দেখিয়া মধুর মূরতি
ভ্রমরের আনন্দ ধরে না হইল স্থির মতি।

ভ্রমর কয় ভ্রমরীকে আমি গেলাম উর্দ্ধে উঠে
তুই রইলি পরে।
শুনিয়া ভ্রমরী কয় আমি ব্রহ্ম স্বরূপা।
নাই আমার নামা উঠা
শক্তির প্রাধান্য দিতেই হবে, শক্তি বিনে নাই কিছু ভবে!

(৫০)

আপন কথা বলছে আপনি, কেবল অউম্ অউম্ ধ্বনী
আমিটা কোথায় গেল খুঁজিয়া না পাই
কিছুদিন পূর্ব্বেও ছিল এখন আর নাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইচ্ছা বলে কিছু নাই, আপনে আপনে হতেছে তাই
আমি আর নাই।
কি জানি কি হল ভাই, ইচ্ছা করে বলি নাই
কেবল মা মা মা মা বলছে সদাই।

(৫১)

মায়ের এমন কৃপা ধারা, সব শুদ্ধা উলটে গেল
রইল এক আত্মা
ইচ্ছা করে বলিনি আমি
আপনে আপনে হতেছে মা মা মা মা ধ্বণী
অন্তঃপুরে বসে মা বাজায় বাঁশী
জীবগণ এস এস এস শীঘ্র করি।
জীবগণ বলে আসব একটু পরে, এখনও সময় হয় নি
এই করে করে, জীব অন্ধকারে ঘোরে
কাঁদে দিবা নিশি।

(৫২)

সর্ব্ব দেবতা সর্ব্বতীর্থ
হৃদয় মাঝে দেখিতে পায় গুরুকৃপা হলে
জ্বলন্ত আগুনে পুড়েছিল হৃদয় খান
আপন গঙ্গায় ছান করিয়ে জুড়াল পরাণ।

(৫৩)

ঐ যে দেখ মুণ্ডমালা এ নয় মানুষ কাটা
এই হ'ল রিপু দমন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঐ যে দেখ কালো বরণ
এ:নয় কালো—অন্ধকারে আলো।
ঐ যে দেখ মা পরমাত্মা
প্রিয় হইতে ও প্রিয় ব্রহ্ম স্বরূপা।

(৫৪)

গুরুবলে হইলে বলিয়ান
কেহই রুখতে পারেনা এই হইল প্রমাণ
অন্তেও যেই এখনও সেই
পরিবর্ত্তন নেই।

(৫৫)

রিপুরা এসে হাত জোড় করে ক্ষমা চাইছে
বলছে কত কষ্ট দিয়াছি মা তোমারে
এবার মোরা বিদায় নিলাম তোমায় প্রণাম করে
গুরুকৃপা ভারি চমৎকার
শত্রু মিত্র এক হল এবার
একি হল, রিপুরা ও ক্ষমা চেয়ে বিদায় হ'ল
দ্বেষ দ্বেষি নাহি রইল।
শাক্ত মতে, বৈষ্ণব মতে, সন্ন্যাস মতে
সাধন করে দেখিলাম ভাই
প্রভেদ কিছু নাই
আপন গঙ্গা হৃদয় মাঝে
চূড়ামণি যোগ লেগেছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শাক্ত বৈষ্ণব এক হইয়াছে
প্রেমময় রাজ্যে সকলেই আপন গঙ্গায় ডুবে আছে।
মূল গঙ্গা ভিন্ন নাই
শাক্ত বৈষ্ণব একিভূত, হিংসা দ্বেষ নাই।
ভিন্ন ভাব, ভিন্ন দৃষ্টি থাকবে কেন ভাই
আমরা সেই অমৃতের সন্তান অমৃতে ঠাই।

(৫৭)

বুঝিয়া লহ সবে এক আত্মা
সর্ব্বভূতে আপনারে আপনি দেখে
আপনি কথা কয়
অন্য কেহ নয়।
হৃদয় মাঝে অবাক কাণ্ড
আপনারে আপনি দেখে
দ্রষ্টা নাই কেহ।

(৫৮)

গুরু করেছিলাম অনেক
সন্ন্যাস মন্ত্র, শক্তি মন্ত্র, বিষ্ণু মন্ত্র।
গুরু দিলেন ভিন্ন ভিন্ন মতে
শ্রদ্ধা করে জপিতে লাগিলাম অন্তরে
তারপর শেষে, মন্ত্রাদি এক হয়ে
ডুবে গেল হৃদয় গঙ্গার মাঝে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫৯)

প্রথম বাহ্য মৌনি, তারপর অন্তর মৌনি, নিথর নীরব গম্ভীর
এত গভীর, এত গম্ভীর
কথা বলিলেও হয়না মৌনভঙ্গ সদাই মৌন
চিত্রগুপ্ত যা লিখেছিল সব গেল মুছে
সবাই পালাই পালাই বলছে
আর কি আছে বল, চিত্রগুপ্ত হেরে গেল।

(৬০)

এক রাজা আসছে
বলে তুমি আমার পত্নী ছিলে
শুনিয়া সাধক কয়
স্বপ্ন দেখেছ একথা কভু সত্য নয়
পত্নী নাই কারো
সকলেরই আছে পরম পতি একমাত্র।
শুনিয়া রাজা কয় এ হেন কথা শুনি নাই কখন,
খুলিয়া বল তত্ত্ব বিবরণ।
সাধক কয় এ বড় গভীর তত্ত্ব বুঝিবে না এখন
পতি পত্নী অহং ছেড়ে, সাধন কর নির্জ্জনে বসে
আপন তত্ত্ব উঠবে ফুটে তোমার হৃদয় মাঝে
হরি হরি হরি বল সর্ব্বক্ষণ
তৃতাপজ্বালা দূরে যাবে, শান্তি অনুক্ষণ।
আমি আমার অহঙ্কার ছেড়ে
ডুব দেও কে কার বলে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬১)

ব্যাবহারটি থাকবে মিষ্টি
আমার আমি নাহি রবে
থাকবে সদা উদাস প্রাণে
জীবন সন্ধ্যা হই'য়ে এল
আপন ঘরে আলো জ্বাল
হরি হরি হরি বল
মায়া মোহে থেকে কি হবে ভাই।
চল মোরা আপন ঘরে যাই।

প্রথমখণ্ড সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় খণ্ড

(১)

আমি আছি অস্পর্শ যোগেতে
অকারণে ছুইয়ে দিল মোরে
তারাও পবিত্র হল গঙ্গা জলে নেয়ে।

(২)

মায়ের কৃপা মাধুরী
বেজে উঠল মৃদঙ্গ ভেরী
কি আর বল্‌ব আমি মায়ের কৃপা
ঝরছে কেবল মধুর ধারা।।
বিবেক বৈরাগ্য
এইত হইল বিশেষ যজ্ঞ
স্তরে স্তরে বাসনা কামনার দেয় আহুতি
পুড়্‌তে পুড়্‌তে গঙ্গায় মিশে যায় অস্থি।

(৩)

বনের বাঘের থেকেও বিষয় বাঘ ভীষণ।
কি বাঘের মুখে পড়েছিলাম
অল্পের থেকে বেচে গেলাম
খেয়ে ফেলেছিল প্রায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর একটু হইলে গ্রাস করিত
কোন ছিলনা উপায়।
গুরু ছিলেন সহায়।
বাঘের মুখের থেকে টেনে আনিলেন
ধরে থাকিতেন সদায়।

(৪)

নিজেরে না পেয়ে এমন ক্ষুধা হয়েছিল ভাই,
মায়ের প্রসাদ পেয়ে ঠাণ্ডা হল তাই।
বহুদিন হল এসেছি জগতে
এমন মিষ্টিত লাগেনি আগে
আপন পর নাই, মিষ্টি হল তাই।

(৫)

মা মা মা মা নামের মালা গেথেছি
গলায় লহর পরেছি।
লহরও ত নয় অখণ্ড মাধুরী।

(৬)

আগেও যেমন পরেও তেমন।
মধ্য খানে ক্ষুদ্র আমিটা নিয়ে
কি কাণ্ডই না হয়ে গেল।
আমির ব্যাপার বড় শক্ত
যেয়েও যায় না তার গন্ধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৭)

সংসারে কর্ত্তব্য বোধে যা করিবে
তাহাতেই ঠেকিয়া পড়িবে ভাই,
ব্রহ্ম সাধন একমাত্র কর্ত্তব্য
অন্য কর্ত্তব্য নাই।
ব্রহ্ম সাধন পরম আনন্দ
পরম পদে ঠাই।

(৮)

আচ্ছাদনে থাকিব কেন আমিই সেই ব্রহ্ম
ব্যবহারে দেখা যায় সুখ দুঃখের মতন।

(৯)

মা যে আমার হইয়াছেন।
জন্মে জন্মে পরিচয় দিয়াছেন।
এমন করুণাময়ী আর কেবা আছে।
নিজে ডেকে কোলে নিয়েছে।
নাই কিছু আমার সাধন ভজন।
পেয়েছি মাতৃপ্রসাদ এই'ত আমার সম্বল।

(১০)

রাগদ্বেষ থাকিবে কেন
আমিটা মরে গেল।
আমিটা আমি আমি করে,
আশার বাসা তৈয়ার করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমিটা মরে গেলে
নিত্য শান্তি বিরাজ করে।

(১১)

বৃহস্পতি আছেন সহায়
বাধা বিঘ্ন আসিতে পারেনা এথায়
নাই কোন অহঙ্কার।
নিত্য সুখ ভারি চমৎকার।
দিন থাকিতে সাধন কর সবে।
বেলা গেলে আর হবে না
দিন যাবে চলে।
সাধন করিলে অনেক ভাল,
রাগ দ্বেষ হয় শান্ত
কেবল অমৃত অমৃত।
অভেদ সত্ত্বায় আছি সদা,
মা বলিলে কই কথা।

(১২)

স্বপ্নরাজ্য পার হইয়ে এল।
ওখানে কি হয়েছিল ?
অভাবও ত নয় ভাবও নয়
তবে এত হাসি কান্না কিসে হ'ল ?
মায়া রাজ্যের খেলা,
স্বপ্ন রাজ্যে পার হইয়ে এল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদাসীনবৎ বিরাগী
শুভাশুভ পরিত্যাগী।

(১৩)

স্তর বিভাগে প্রশ্ন উত্তর
অনেক রকম কথা
আপন স্বরূপ মধুর মধুর
একটী মাত্র কথা—এক আত্মা।

(১৪)

জন্মাবধি কেঁদেই বেড়াইলাম।
হাসি কান্না সবই সমান
গড়লে শুধু পেলাম।
পেয়েছিরে আপন গন্ধ
আপন গন্ধে আপনি পাগল
ধরা ছোয়ার মধ্যে নেই
তাহলেও পেয়েছি আপন গন্ধ।
আপন গন্ধে আপনি পাগল।
ফুল ফুটেছে অনেকক্ষণ
গন্ধ দিয়ে বেড়ায় এমন।

(১৫)

কেহ কার নয়, এক আত্মা ব্রহ্মময়।
কি পাথর চাপায় পড়েছিলাম ভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উঠিয়া দেখি স্বাধীন আত্মা, অধীন কারও নয়
ভেদ-বুদ্ধির দোষে নানা দুঃখ হয়
স্বাধীন সত্ত্বা অধীন কারও নয়।

(১৬)

মর্ত্ত্যে এসেছিলাম
খেলব বলে সাথীর সনে ;
বিষয় খেলা ভাল নয়,
মান অভিমান দুঃখময়।
চল ভাই আমরা ব্রহ্ম খেলা খেলিতে যাই,
ব্রহ্ম খেলা অতি পবিত্র, আনন্দে হবে ঠাই
এক আত্মা তাই।
পাবে আপন তত্ত্ব, নিজ স্বরূপ
মধুর মধুর মধুর।

(১৭)

স্বপ্ন রাজ্যের খেলা খেলতে যদি হয়,
ব্রহ্ম খেলাই খেললে ভাল
বিষয় খেলা নয়।
বিষয় খেলায় বিষ উঠিবে
ব্রহ্ম খেলায় অমৃত।

(১৮)

এমন একটি তত্ত্ব আছে ভাই,
পেলে পরে অমর হয়ে যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই তত্ত্বটি হ'ল এই,
সোঽহং সোঽহং সোঽহং কেবল
অন্য কিছু নেই।

(১৯)

আর একটি আছে বিবরণ,
ত্যাগ বৈরাগ্যে করে যদি সাধন,
সোনায় সোহাগা অপূর্ব্ব মিশ্রণ।

(২০)

ঐ যে অনু
ঝর ঝর ঝর করে পরছে অনু,
কেবল মধু মধু মধু।
নাই কো তার গন্ধ বাতাস,
নাইকো তার আলো
আপনে আপনে ঝরছে কেবল
মধু মধু মধু।

(২১)

নর-নারায়ণের সঙ্গে সাক্ষাৎ হয়েছিল
শুধু তা নয়—অনেক খেলা-ধূলা হয়েছিল।
খেলা-ধূলা যদি করি
হৃদয় কোনেই একাই আছি।
নারায়ণের সঙ্গে হয়েছিল মিলন
তাহার ফলে আত্ম দরশন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২২)

একের মধ্যে দুইয়ের খেলা
এইত হইল লীলা।
শরীর নিয়া জন্ম হলেও
আমি স্বতন্ত্র পুরুষ আত্মা।
দেখা দেখি স্বপ্ন মাত্র,
রামলীলার গূঢ় তত্ত্ব
যোগ ঐশ্বর্য্যের খেলা
আপন উল্লাসে আপনি নাচে
আপন মাধুর্য্যে আপনি হারা।

(২৩)

নিরালম্ব একাই আছি।
প্রথম স্বপ্ন দেখেছিল,
এমন স্বপ্নরাজ্য পার হইয়ে এল।
একটি কথা খেয়াল রাখিও সবে
আলগা হতে হতে আসিল স্বপ্ন রাজ্যের পারে
ব্যবহারে দেখা যায় দোষগুণের মত,
এ কিছু নয়, পদ্ম পত্রে জল।

(২৪)

স্বপ্ন রাজ্যে একটি মোটা বোধ থাকে
তারপর স্বপ্ন রাজ্য পার হইয়া এলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুক্ষ্ম সুক্ষ্ম সূক্ষ্ম একটুখানি থাকে বোধের মত
ক্রমেই ছেড়ে আসছে, তাড়াহুড়া পড়ে গেছে
খুব তাড়াতাড়ী ছাড়ছে কাপড়।

কাপড় ছাড়া শেষ হয়নি এখনো
ছাড়তে ছাড়তে দেহও যাবে ছেড়ে,
যেন নিদ্রাবৎ সুষুপ্তিবৎ থাকব আপন ঘরে।

আভাস পেয়ে বলছি ভাই
সত্য কথা তাই।

(২৫)

ঐ যে অগ্নিকাণ্ড হয়ে গেল
সৃষ্টিশুদ্দা পুড়ে গেল
মায়া রাজ্যের খেলা স্বপ্নবৎ
সৃষ্টি আছে কি নাই কে বলবে তাই।

(২৬)

সাধক এখন শান্ত হইয়ে আছে পরমসুখে
দেহ অন্তে সুষুপ্তিবৎ থাকবে আপন ঘরে।

(২৭)

আজ সকাল বেলা একি হল ভাই
মা হলেন গৌর নিতাই
আমরা হলেম পার্শ্বদ
কেবল বলে হরিবল হরিবল হরিবল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একি হল কাণ্ড, নামের শক্তি প্রচণ্ড
উপ্‌চে উপ্‌চে পড়ছে নাম রসামৃত।
প্রথমে গুরু দেন মন্ত্র তাহার ফলে ঊর্দ্ধগতি
নাম রসে হয় আনন্দ, তাহার পরে পরম পদ।

(২৮)

সমাবেশটী ভারি চমৎকার
সাধু মহাজন দেবতাদিগণ
নিজের মধ্যেই সব আপনি আপনি
করে প্রেম আলাপন।
গণ্ডির ভিতর থাকব কেন
আমিই সেই ব্রহ্ম।
যত্নে একটী হার গেথেছি
দিব বলে মায়ের গলে।

(২৯)

মা রয়েছেন আমার কোলে
যত্ন করে সাজাব বলে।
সাজাইয়াছি প্রাণ ভরে
ছোট্ট মেয়ে দাড় করাব বাবার বুকে
দেখব তখন রূপের ছটা
জিব বের করে্ হাসছে সদা
বাবা আমার ভোলানাথ
কালের কাল মহাকাল,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কালেরে দিয়ে ফাঁকি মহাকাল কোলে নিয়েছি
দুর্বলতা গিয়াছে চলি, হৃদয় মাঝে মাতৃশক্তি।

(৩০)

মায়ের খেলা মা জানে,
বলাবলি না করে ভজন কর বসে।
মা অমৃত দিবেন পরে
একমনে ভজন কর বসে।

(৩১)

ব্রহ্মধন, কে করিবে কারে বন্ধন
অষ্ট পাশ হল ছেদন।
কেবল ছাড়ছে আর কাটছে
তাড়াহুড়া পরে গেছে
সুপ্তবৎ থাকবে বলে।

(৩২)

এই হতে পারেন তিনি
এই হতে পারে না, এই কথা নয়।
সবই সম্ভব অসম্ভব কিছু নাই
মতামত প্রকাশ করা সময় নষ্ট ভাই।
চল মোরা চুপ চাপ হয়ে মায়ের কোলে যাই,
ফুটতে ফুটতে ফুটে যাবে আনন্দরস তাই।

(৩৩)

যত দেখ উদ্ভব
সবই ব্রহ্ম খেলায় পরিণত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এইটী যদি থাকে স্মরণ
কোন গোল নাই শান্তিনিকেতন।
মায়ের খেলা মা বুঝিবেন এখন।
আমরা সবে ছোট্ট শিশু
মা মা বলব সর্ব্বক্ষণ
এইত মোদের কাজ,
অন্য কথা নাইকো কিছু
অন্য সাধন নাই,
মা মা বলে ডাক
এইত মোদের কাজ।

(৩৪)

প্রাণস্পর্শি কথাগুলি কে রে তুই পাখী
কথার মধ্যে পরশ দিয়ে গেলি।
অনেক ডাকা ডেকেছি তোরে,
এবার একটু ডাক না মোরে।
শুনিয়া সাধকের বাণী পাখী কয় ;
আমি ডাকিলেই তুমি ডাক,
এক আত্মা দুইজন কি হয় ?
একের মধ্যে দুইয়ের খেলা
একই ত রয়।
হইয়ে পাখী কথায় আনায় হারাইয়া দিলি
বেশ জমেছে খেলাটী, খেলার সাথী প্রাণ পাখী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৫)

ওরে স্বর্গবাসীরা
ওখানে বসে বসে কি কর তোমরা।
পাপ পুণ্যে স্বর্গে মর্ত্ত্যে ঘুরবে কতকাল
মা ডাকছেন এস সকাল সকাল।
বিদ্যাধরি বলছে কথা
নিজেরে পাওয়ার লাগি নাই ব্যাকুলতা :
ঘুমে বিভোর সদা।
এত ঘুমাও কেন সৃষ্টি-বাসি,
জেগে উঠব তাড়াতাড়ী
মা এসেছেন কাণ্ডারী।

(৩৬)

নারায়ণ এসেছেন,
কত কথা বলিতেছেন
মধু আলাপন।

বিদ্যাধরী শুনিয়া কয়
শ্রীকৃষ্ণ বাসুদেবায় নমঃ বলে সব করেছি অর্পণ,
আর'ত কিছু নাইকো আমার স্মরণ মনন।
ব্রজধাম হতে এসেছি সত্য,
নাইকো আমার লোক লোকান্তর,
নাইকো আমার গোলোক বৈকুণ্ঠ নাই কোন ধাম
উদাস পানে চেয়ে আছি বিদ্যাধরি নাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৭)

স্বপ্ন আবেশ ছেড়ে গেল
জাগরণের জাগরণ মহা জাগরণ
একটুখানি আত্ম-তত্ত্ব প্রকাশ,
তার মধ্যে মাতৃ কৃপায়ই প্রধান।
এত যে দোষের আকর
তাহার মধ্যে সাধন চলে কৃপাই কেবল।
দুরাচার হইয়াও করে যদি হরিভজন
সেও সাধু বটে হয় সুজন।

(৩৮)

গোপন রাজ্যের কথা গূঢ়তত্ত্ব প্রকাশ
কর্ম্মফলগুলি গিয়াছে চলি
রইল কেবল মায়ের চরণধূলি।
বেশ হইয়াছে আসরখানি
চরণধূলায় গড়াগড়ি। শান্ত হল পরাণখানি

(৩৯)

এইত মন্দ এত ঘৃণিত জীব স্বভাব
তাহার মধ্যে পেয়ে গেল মাতৃপ্রসাদ
এমন দয়া কেমন করে হয়
অহেতু কৃপা কয়।
বেশ জমেছে আসরখানি
মায়ের চরণধূলায় গড়াগড়ি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪০)

ব্রহ্মজ্ঞান কারে বলে
বেদ-বেদান্ত তন্ত্র-মন্ত্র
সবই আছে মায়ের চরণতলে
খাটা খাটুনি নাই কিছু আছি পরমসুখে।

(৪১)

হংসরূপী হংসরূপী
জল ফেলে দুধ পান করে
বিরজার পারে।
হংসমণি হংসমণি,
সদা প্রসন্ন হৃদয়খানি।

(৪২)

মায়ের একটি কথায়
ফুটে গেল কুসুম কলিটি
তোমার উদাস ভাবই ঠিক।

(৪৩)

আপনার কাছে আপনি ধরা পড়েছি ভাই
জায়গাটি হল এই
দু'জন থাকিলেই গণ্ডগোল,
অন্য কেহ নেই।
শরীর আছে বলে কি হয়েছে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরীরের ধর্ম্ম শরীর করে
আমি আছি আলগা হইয়ে।
এই টুকুই'ত কৌশল ভাই
জানলে পরে বিবেক জাগে
দুঃখ কষ্ট নাই।

(৪৪)

জায়গা কিন্তু বেশ
একের মধ্যে বহু সমাবেশ।
পরস্পর তুমি আমি করে আলোচনা,
কেউ কাররে চিনে না,
চিনলে পরে খেলা হয় না।
ঐ যে তোমার প্রাণপাখী,
বসে বসে শুনছে কথা,
আপনি আপনার সাথি,
এই জগতে অনেক হইয়াছে সাথি।
একটিও সাথী নয়
আপন সাথে আপনি রয়।

(৪৫)

নিত্যং শুদ্ধং আপন স্বরূপ
আপনারে জানিলে সকলেই মধুর
আপনারে চেন, আপনারে জান ভাই
আপনারে না চিনিলে দুঃখে হবে ঠাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪৬)

কত জায়গা ঘুরে এলাম, কত লীলা অভিনয়
আপন জায়গা আপন স্বরূপ অতি মধুময়।
আপন মনে আত্মারাম একলা তাঁহার ঠাই
একলা না হইলে পরম শান্তি নাই।

(৪৭)

সাধন করেও পায়না সে ধন বড় কঠিন ঠাই,
কি করে যে কি হয় বলা শক্ত ভাই,
গুরু কৃপাই ভরসা মাত্র হতাস হতে নাই।
কোন প্রকারে একের মধ্যে যেতে পারলেই হয়।
ঐটী হল নিরাপদ ভূমি আপন স্বরূপ কয়।

(৪৮)

সাধন করে কি হল বলব কেমন করে
একটু খানি বলতে পারি।
মন বৃত্তি বদলে গেছে
বেশ হইয়াছে এখন।
মন বৃত্তিই যত দুঃখের কারণ
ব্যবহারে রয়েছে আল্‌গা হইয়ে এখন।

(৪৯)

কি জানি কি হয়ে গেল
সাধন-ক্ষেত্রে তুফান বয়ে গেল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিত্ত আকাশে মেঘ উঠেছিল
তাই এত তুফান হল।
সাধন-তত্ত্ব ভারি চমৎকার।
বলতে গেলে ফুরায় না আর।
সৃষ্টিতে করেছিলাম বাস।
সৃষ্টি ছেড়ে বহুদূরে এসেছি এবার।

(৫০)

উদ্যানে ফুল ফুটেছিল তুলে নিল কে,
আপনি ফুটিল ফুল আপনি কথা কইল,
আপনি আপনি ঝরে গিয়ে আপনি মিশে রইল!
বেশ সুন্দর ফুল ফুটেছিল।
ভ্রমর এসে মধু নিয়ে গেল।
এর মধ্যে কোথায় লুকাইয়া রইল
নিথর নীরব তাই,
সুপ্তবৎ আছেন তিনি দেখার মধ্যে নাই।
এমন জায়গা আছেরে ভাই
কথা কইতে কইতে লুকাইয়া পড়ে,
দেখার মধ্যে নাই।

(৫১)

জাগ্রত স্বপ্ন সুষুপ্তি যত আছে অনুভূতি
ব্রহ্মপদে গড়াগড়ি, একের মধ্যে লয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইষ্টের সঙ্গে হইয়াছিল প্রীতি বহুরকম মিলন
তাহার ফলে আপন সত্ত্বা আত্ম দরশন।

(৫২)

অতীতের ঘটনা বলে কি হবে,
যাহা হইয়া গেছে—গেছে
বর্ত্তমান নিয়ে কথা হ'তেছে।
বর্ত্তমানটী হইয়াছে এই,
যেমন যেমন আসছে তেমন তেমন কই,
বলার উদ্দেশ্য কিছু নেই।
আপনি আপনি উদাস প্রাণে গান গেয়ে চল্‌ছে ভোলা
আপনি গান আপনি শোনে আপনি কয় কথা।

(৫৩)

অধীন আবার কবে হলাম ?
নিজের সত্ত্বা না জেনে
অধীন বলে কেঁদেছিলাম।
নিজেরে না জানিলে এই রকমই হয়
সুখে দুঃখে কান্নাকাটী
জীব স্বভাব কয়।

(৫৪)

জড় পদার্থ নিয়ে এত মাতামাতি
কেমন করে হল ?
একেই বলে জীব স্বভাব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চেতনের চেতন মহা চেতন
থাকতে হৃদয় মাঝে,
ভুলে গেল সেই আপন-স্মৃতি
ভুলে গেল সেই আপন সত্ত্বা
একি বিষম কথা !
কিন্তু তাহার মধ্যেও হু হু করিত পরাণ,
কি জানি চায় প্রাণ, ব্রহ্ম পেল সন্ধান।
হাটের মাঝে দাঁড়াইয়া রইল
ব্রহ্ম পাওয়ার আশে
অন্তরঙ্গ সাধন করে
ব্রহ্ম পেল পরে।

(৫৫)

ওরে আমার চেতন-মণি
এতদিন তুই কোথায় ছিলি
ডেকে ডেকে হয়রাণ আমি
হারায়ে চেতনে-মণি ।
কত দুঃখ পেলাম আমি।
তাহার 'পরে সাধন ক'রে দেখি
হারায় নাই কিছু,
আত্মার মধ্যেই সব আনন্দ স্বরূপ।

(৫৬)

ব্রহ্ম সত্য—জগৎ মিথ্যা।
মিথ্যারে সত্য ভাবি করে আলিঙ্গন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবে জীবে এই ভাবে হতেছে মিলন,
বারে বারে জরা-ব্যাধি জনম-মরণ।
জরা-ব্যাধি দেখে আসে যদি বৈরাগ্য
তা হইলে জীব আত্মার কল্যাণ
মঙ্গল মঙ্গল
জনমে মরণ নাই জীবন সফল।

(৫৭)

নিরাকার সাধনা অদ্ভুত ঘটনা
আমাকেই আমি করি ভজনা
সরল সোজা চরমে পরম কথা।
চিত্ত আকাশ হইয়াছে পরিষ্কার
নীল উৎপল চন্দ্রমণি হৃদয়ে প্রকাশ।
ওরে আমার চন্দ্রমণি কেমন করে বাখাই আমি
বলতে গেলে থেমে যায়
বলতে নাহি পারি।
জোর করে কি হয় কিছু
আপনে আপনে হয় আনন্দ প্রচুর।

(৫৮)

আপনে আপনে কথা হয়
কোন চিন্তা করে নয়।
মোখস পরে থাকলে হবে কি
নিজের সঙ্গে বিশেষ পরিচয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রজ্জু দেখিয়া করেছিলাম সাপের ভয়
ইহা কভু সত্য নয়।

(৫৯)

মহামৌনি হইয়াছি আমি দিব্য গন্ধে ভরা
গন্ধ দিয়ে বেড়ায় এখন, ডাকলে দেয় না সাড়া।

(৬০)

সম্বন্ধ বোধ নাই এখন
নিথর-নীরব কেবল।
দারা-সুত-পরিবার কেবা কার
মিথ্যা মিথ্যা বলে আমার আমার।
এ কভু সত্য নয়
সাধন করে শক্তি ধর আনন্দময়।

(৬১)

সমালোচনা ভাল নয়
নিজের ক্ষতি বিশেষ হয়।
রিপুর অধীন ছিলাম,
রিপু হল আমার অধীন
স্বাধীন হয়ে গেলাম।

(৬২)

অলৌকিক ঘটনাগুলি একটু বলিয়া যাই
লৌকিক অলৌকিকের পাড়ে আছেন তিনি,
সেখানে নাই কোন অনুভূতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মস্ত একটা আশার ঘর
ভেঙ্গে চূরে হ'ল ছারখার
নিরাশায়ই সুখের খনি
রইল কেবল ব্রহ্মজ্যোতি।

(৬৩)

মায়ের থেকে পেয়েছি শরীর
মাকে ভজিব নিরবধি
মা হলেন কুণ্ডলিনী।
সকলেরই ত আছেন মা
জন্মাবধি মায়ের কোলে
মা চিনতে পারলাম না।
চিনতে পারলে শ্রদ্ধা বাড়ে
দুঃখ কষ্ট যায় দূরে।
মা চিন্ত মা ভজ মা মন্ত্র সার
মায়ের প্রসাদ পেয়ে শীতল হবে
শান্ত হবে পরাণ।

(৬৪)

প্রথমে নিতে হয় অবলম্বন
তাহার পরে একলা হয় নিরালম্বন।
দুইজন থাকিলে ভজন আদি
একলা হলে ব্রহ্মধ্বনি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬৫)

ক্রমেই স্থূল ছেড়ে সূক্ষ্মে আসছে
এত সূক্ষ্ম উপমা চলে না, ধারণার অতীত।
দেহ থেকে যায় তাতে কিবা হয়
আত্মা অবিনাশী রয়।
দুঃখের দিনগুলি সুখেই গেল
দুঃখ আবার পেলাম কবে ?
দড়ি দেখিয়া করেছিলাম সাপের ভয়
দুঃখ বলে কিছু নয়।

(৬৬)

মানুষের জীবন একটী প্রকাণ্ড ব্রহ্মাণ্ড
কত কাণ্ডই হয়ে গেল।
ওখানে কি হয়েছিল বলতে পার ?
ও স্বপ্নে দেখেছিল।
বাঘে ধরে ওকে খেয়ে ফেলেছিল,
তাই এত চীৎকার দিয়েছিল।
ও বিশেষ কিছু নয়,
জীব স্বভাব এই রকমই হয়।
জীব স্বভাবে থাকব কেন
আমিই সেই ব্রহ্ম।
আস্তে আস্তে উর্দ্ধগতি
জীব স্বভাব ছেড়ে গিয়েছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬৭)

আপন সুখে ঘুরে বেড়াই
কথা বলে কি হবে ভাই,
কথা বলতে যদি হয়
হরি কথাই ভাল, বিষয় কথা নয়।

(৬৮)

বারে বারে জননী জঠরে গমণং
বারে বারে মরণং।
এ দুঃখ কি করিলে যায়
শিব হোম শিব হোম বল সদাই।

(৬৯)

কে এমন সুহৃদ হল
দেবতাদের প্রীতি জগতের প্রীতি হতে
আলগা করে দিল ;
কে এমন বন্ধু হল
মোহ নিদ্রা হ'তে জাগাইয়া দিল ;
কে এমন বান্ধব হল,
অষ্টপাশ ছেদন করে দিল
বল কে তুমি কোথায় তোমার ধাম
কিবা তোমার নাম
দেহ পরিচয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৈ কেহই দিল না সাড়া
স্বয়ং প্রকাশ আপনাতে আপনি হারা।

(৭০)

অস্পৃর্শ যোগ ভারি চমৎকার
স্পর্শ বোধ নাহি তাঁর।
ঘুরে ঘুরে সেই আপন কথা
সমষ্টি ধারা।
এমন সম্মিলন কে কবে দেখেছে
সবশুদ্দা এক হইয়াছে
যেমন তরঙ্গ উঠেছিল তেমনি প্রশান্ত হল।
প্রকৃত সুখ কোথায়—"আত্মায়"।

(৭১)

সুমতি কুমতি দুইটী ভগিণী
কুমতি চায় ভোগে যেতে,
সুমতি চায় ত্যাগে যেতে
এই ভাবে দু'জনাতে লড়াই বাঁধে।
সুমতি হলেন স্বয়ং শক্তি
কুমতি হলেন বিষয় আশক্তি।
কুমতি এত ছোট হয়ে,
শক্তির সঙ্গে যুদ্ধ করিতে
গেল কেমন ক'রে।
হারবে নিশ্চয়ই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুমতি কেবল টানে ভোগের দিকে
সুমতি ছাড়তে ছাড়তে চল্‌ছে ত্যাগের পথে
কুমতি টানাটানি করে দুর্ব্বল হয়ে
বসে পরল পথের মাঝে।
এই অবসরে সুমতি চলিল উর্দ্ধগতি
হেরে গেল কুমতি।

(৭২)

নিজেরে নিজে করেছি বরণ
নিজেরে নিজে করেছি শোধন
দ্বেষাদ্বেষি বর্জ্জিত বিকশিত একটী পদ্ম
নিজেই দেখেছে নিজের প্রকাশ
ভারি চমৎকার

(৭৩)

আপন আনন্দে আপনি আছি
নাইকো আর কেহ
ধরা ধামে এসেছি সত্য
ধরি নাই কিছু,
একলা আছি আনন্দ স্বরূপ।

(৭৪)

পরা বিদ্যার কথা
তৈল ধারাবৎ পড়ছে রসামৃত
কেউ না কেউ ধরবে পাত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগ্য আঁধারে সুফল হবে
হৃদয়ে হবে আনন্দ।

(৭৫)

কি হয়েছিল মোর,
মায়ের একটী কথায় ফুল ফুটিল
জীবনটী হল মধুর

(৭৬)

জীবনে অনেক ঘটনাই ঘটেছিল
এমন সৌভাগ্য ঘটন কি কভু ঘটেছিল
যাতে জীবনটী সুপ্তবৎ হয়ে গেল
কি অঘটন ঘটিল, গুরুকৃপাই প্রধান রহিল।

(৭৭)

এস এস বন্ধুগণ
তোমাদের নিয়ে করিব তত্ত্ব আলোচন,
এই যে আমি অমর হয়ে গেলাম
একটু আধটু বলতেই হবে
শুনলে পরে চেতন বাড়ে।
এই যে এত হতেছে বলাবলি
কেহই বুঝি শুনবে নারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৭৮)

শুকনা কাঠ বিবেক বৈরাগ্য সাধন
দাউ দাউ করে জ্বলিত সর্ব্বক্ষণ
মায়া মোহ কেউ ঘেঁসিতে পারে না তখন
এই হইল একটী সাধনার কৌশল।

———

দ্বিতীয় খণ্ড সমাপ্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় খণ্ড

(১)

এমন ডাকা ডেকেছি ভাই
এক ডাকে সব এসেছে
কেউ বাকী নাই।
জায়গাটী এমন সুন্দর,
দলে বলে সব এসেছে,
একটী মাত্র ফুল ফুটেছে
গন্ধ নিতে সবাই এসেছে।

(২)

আরও বলি শোন ভাই
ত্যাগ বৈরাগ্য কারে বলে
তা'ত জানি নাই।
উদাস আবার কে ?
ত্যাগ বৈরাগ্য রইল পরে
একলা আছি আপন ঘরে।
আপন ঘরের মহিমা হ'ল এই
কিছু থাকলে পরে আপন ঘর নেই।

(৩)

এই যে ত্যাগ বৈরাগ্য উন্মাদতা,
পথের সহায়ক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর ত কিছু নয়
সবই পরে রয়।
সাধনের গুঢ়তত্ত্ব একটুখানি বলে যাই,
শুনলে পরে মঙ্গল হবে মোক্ষে হবে ঠাঁই।

(৪)

আপন ঘর মানে কি
গুহ্য গুহ্য অতি
সূক্ষ্ম সূক্ষ্ম মতি
নিদ্রাবৎ আছেন তিনি।
ডাকলে পরে দেয় সাড়া
এমনি তাঁর কৃপা ধারা।

(৫)

নাই উন্মাদতা, নাই ব্যাকুলতা, সহজ অবস্থা
গুরু আসন দিলেন একখানা সৃষ্টি ছাড়া
এক আসনে বসলে পরে,
সৃষ্টি থাকবে কেমন করে।
সৃষ্টি থাকলে আসন নাই,
আসন থাকলে সৃষ্টি নাই।

(৬)

নারায়ণ এসেছেন প্রসন্ন বদনং
মূরতি মধুরং
বলিতেছেন বেশ জমেছে স্থিতিখানা
আপন সুখে আপনি হারা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৭)

দুর্ব্বাসা মুনি এসেছেন
বলিলেন কিবা শোভা হয়েছে এবার
ধন্য ধন্য হ'ল জীবন তোমার।

(৮)

নারায়ণ আসিতেছেন বারে বারে
খবরাখবর নিতে,
ব্রহ্মা বিষ্ণু অবাক হল
মায়ের কৃপা দেখে।
বলে একি হ'ল কাণ্ড
এক মুহূর্ত্তে ছেড়ে গেল ব্রহ্মাণ্ড।
কে কবে দেখেছে এমন সৌভাগ্য,

(৯)

আমি সেই ভ্রমরা
সাধন করে শক্তি ধরে
পেয়েছি মায়ের কৃপা
ফুলে ফুলে ঘুরে বেড়াব।
স্বাধীন হয়ে মধু খাব।
ভ্রমরী আমায় দেয় নাই মধু
বলে শক্তি সাধন না করিলে
দিব না খেতে মধু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভ্রমরী তুই আমাকে অধীন করে রেখেছিলি।
মায়ের কৃপায় সবই সমান
এইত হ'ল মহান।

(১০)

মায়ের কৃপা বড়ই মধুর
নিত্য নূতন, নিত্য নূতন
আমি আর এক দেশের মানুষ।
নাইকো আমার বাড়ী ঘর
আছি আমি সর্ব্বত্র।
আর এক দেশের মানুষ।
নিত্য নূতন, নিত্য নূতন
আপন সুখে ঘুরে বেড়াই
কেউ কারোরে চিনে না রে
মায়ের কৃপা বড়ই মধুর
নিত্য নূতন নিত্য নূতন।

(১১)

আরও বলি শোন ভাই
একটী আছে গোপন রাজ্য
অতি নিগূঢ় তত্ত্ব।
গোপন রাজ্যের খেলা।
বলতে নাই সেই সব কথা,
প্রাইভেট (Private) রহিল এথা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১২)

অনেক রকম আছে কুঠি
আমার হ'ল অমর কুঠি
অমর কুঠি মানে হল এই
যেখানে মরণ নেই।
দগ্ধ বীজে গাছ হয় না কোন কালে।

(১৩)

ঐ যে নীল আকাশে পদ্ম ফুটেছে
অরুণ এসে দেখিতেছে,
যে দেখেছে সেই মজেছে।
নীল আকাশে পদ্ম ফুটেছে
রিপুগণ গন্ধ পেয়ে চলে গিয়েছে
দেবতাগণ, সাধু মহাজন গন্ধ নিতে এসেছে।
নিষ্কলঙ্ক পদ্মটী দেখতে মনোহর
দেখতে পেলে জগত ভোলে
এই তাঁর সুন্দর।

(১৪)

মা রে মা !
তুমি যে হয়েছ আমার, বুঝতে বাকী নাই
গন্ধ পেয়ে বলছি তাই
আমিই তুমি আমিই তুমি বুঝতে বাকী নাই।
গন্ধ এত সূক্ষ্ম, ধরা ছোয়ার মধ্যে নাই
গন্ধ দিয়ে বেড়ায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গন্ধ পেয়ে এত পাগল স্বভাব
পেলে কি হয় বলতে পার ?
আত্ম ভোলা কয়
ভাল মন্দ নাহি রয়।

(১৫)

সাধনার বাল্যকাল ত্যাগ বৈরাগ্যের তুফান
সাধনার যৌবনকাল আনন্দরস উল্লাস,
সাধনার বৃদ্ধকাল ত্যাগ বৈরাগ্যের পার
আপন সত্ত্বায় স্বরূপ অবস্থান।

(১৬)

এক আসনে বসে আছি ভারি চমৎকার,
অদ্বিতীয় বাহার কে বুঝিবে কৌশল তাঁহার
আমি যে আছি বিশেষ করে
বলতে হবে নাকি।
কে না জানে আমার তত্ত্ব
তবু ঘুরে মরে অবিরত
মায়া মোহে জড়িত।
এ দুঃখ যাবে কেমন করে,
হরি হরি হরি বল সবে।

(১৭)

এক তত্ত্বের বিবরণ সত্যকথা বলছি।
সাধন ভজন করি নাই বেশী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু কৃপা অদ্ভুৎ শক্তি
আপনে আপনে চলছে তরী।
যত দেখি কায়া
সবই মায়ের পদছায়া,
দেখার মধ্যে দোষ থাকে না,
দৃষ্টি কৌশল মায়ের দয়া।

(১৮)

আর কি বলিব
সুখে আছি সুখেই থাকিব।
এক আসনে বসে
এক মুহূর্ত্তে ব্রহ্মাণ্ড গেল চলে,
মা ফু'দিয়ে উড়াইয়ে দিলেন কৃপা করে।
কি অদ্ভুত মায়ের কৃপা,
এমন কৃপা কি করে হয়,
সাধক বুঝতে পারে না
অবাক হয়ে রয়।

(১৯)

শোন ভাই আশার কথা
হতাশ হইও না,
মায়ের কৃপায় আপন ঘরে যেতে
সময় লাগে না।
বড়ই সহজ সাধন
মায়ের কৃপা সহজ অবস্থা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২০)

মায়ের স্নেহের এমনি ধারা
একবার মা ডাকিলেই দেয় সাড়া,
বেশী ডাকিতে হয় না।
কখন ডাকিবে সন্তান
উন্মুখ হয়ে থাকে মায়ের পরাণ।
মায়ের কৃপা বলতে চোখে জল আসে
বলতে পারি না তাই।
একি হল ভাই
কথায় কথায় চোখের জল
ব্যথা বেদনা নাই
পুড়তে পুড়তে গলে গেল তাই।

(২১)

সাধকের সংক্ষিপ্ত জীবন
বিশেষ প্রয়োজন।
শরীর মন অনেক কিছু চায়,
যতই চাইবে ততই দিবে ভোগ বেড়ে যায়।
সাধকের সবদিকে সংযত জীবন
শীতে-গ্রীষ্মে কষ্ট সহন।
শরীর মন,
অতিরিক্ত যা চাইবে দিবে না কখন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অল্প কথা বলিবে
জিজ্ঞাস্থ উত্তর দিবে।
সাধকের সংক্ষিপ্ত জীবন
বিশেষ প্রয়োজন।

(২২)

আপন ঘরে বসে বসে
মা মা মা কই
কথা হইল এই
মাই আছেন সর্ব্বময়,
আমি'ত আর নেই।

(২৩)

উদাস ছিল প্রাণ
বিবেক বৈরাগ্য জীবন প্রধান সব গেল খসে,
অকারণে হাসছে অকারণে কাঁদছে বুঝেছি তাই
আপন স্বরূপে কারণ অকারণ নাই।

(২৪)

অবিদ্যা পাখীগুলি সব গেল উড়ে
বিদ্যা রইল বুক জুড়ে হৃদয় পূর্ণ করে,
ভালমন্দ ধূলির মত, গেল সব উড়ে।

(২৫)

কত ভাবে দিব পরিচয়
আমিই সেই ব্রহ্ম, আর ত কিছু নয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গোলক হইতে একটী নীল জ্যোতিতে
এসেছি জগতে।
আপনা আপনি ফুটিল পদ্ম
আপন মহিমা বিস্তার করিতে।
গুহ্য কথা প্রায় সবই বলা হইল,
আত্মজ্যোতি কেহ দেখিতে না পেল।

(২৬)

নীল তনু খসে যাবে যখনি
আপনাতে আপনি নীল উৎপল চন্দ্রমণি,
বিরাট একটি পদ্ম,
আপন মাধুর্য্যে ফুটে রহিল
আপন শোভা আপনি দেখিল
এত শান্ত, এত গম্ভীর !
আপন সৌরভে মাতিল এমনি।

(২৭)

কি একটী শোভা হইয়েছে
নীল পদ্ম ফুটে রয়েছে,
কি চমৎকার দেখিতে
আপন সৌরভে আপনি মেতেছে।
স্বরূপ চ্যুত কখনই হব না।
এই জায়গা হইতে চ্যুত হইবার
যার নাহি ভয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপন স্বরূপ আনন্দময়।
নীল জ্যোতি আমার স্বরূপ,
নীল তনু আমার রূপ।
জনমে জনমে করেছি নীল জ্যোতি বরণ
নাই আমার জনম-মরণ।

(২৮)

মা গো মা
জনমে জনমে আমি ডেকেছি তোমায়,
এবার কিন্তু তুমি ডেকেছ আমায়
নিজে ডেকে স্বরূপ দিয়েছ,
মহাকৃপা মায়ের কাজ করেছ
অহেতু কৃপা তাই।

(২৯)

গোলক হইতে এসেছি বটে
স্থিতি মম নীল জ্যোতিতে।
ব্রহ্মজ্যোতি সর্ব্বময়
আপন স্বরূপ কয়।

(৩০)

কিছুদিন আগেও ছিলাম সকলের মনে
সবাই রই মাঝে।
লুকাইয়া গেলাম আপন ঘরে
কেউ দেখিল না মোরে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রবণ ইচ্ছা হয়েছিল
এ যা শুন্‌বো বলে আপন কথা
আপন রসে রসিক হয়ে বলছি তত্ত্ব-কথা,
আপনি বলি আপনি শুনি
আর ত কেহ নাই হেথা।

(৩১)

সত্য ধরে থাকে যদি সকল ব্যবহারে
সত্য নিয়া যাবে তারে আপন ঘরে ;
মিথ্যা অতি দুর্ব্বল,
সত্য হলেন সবল
সত্য ধরে থাকলে পরে,
ভয় নাই তার কোন কালে।

(৩২)

অন্তর সুখই সুখের মধ্যে
বাহ্য সুখ নয়, সুখের মধ্যে
সূর্য্য উঠিলে আলো দিবে
ঢাকবে কে বল ?
কুণ্ডলিনী জাগলে পরে
আলো দিবে তাঁর স্বভাবে,
হৃদয় তোমার শান্ত হবে
মায়ের স্বরূপ দেখে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৩)

স্থির ধারা বইছে অবিরত
এ ধারা নয় বিচলিত।
নিত্য রস তৈলধারা বৎ
নীরাবরণ শক্তি,
আপন স্বরূপ নীল জ্যোতি।
নিজেরে হারায়ে নিজেরে পাওয়া,
পরম আনন্দ এক আত্মা।

(৩৪)

অমৃত ধারা বইছে অবিরত
শান্ত চিৎশক্তি মন।
সহস্রায় করিতেছি বাম।
দেহ অন্তে নীল জ্যোতিতে অবস্থান
আমি অদ্বৈত মহান।

(৩৫)

আমার মধ্যে সব, সবের মধ্যে আমি
ভাষায় বলা যায় না স্বরূপ বাখানি,
আবরণগুলি গেল চলি, নিষ্কলঙ্ক দেহটী
আমাকে আমি করেছি বরণ,
নাইকো আমার জরা মরণ
আপন মুখে আপনি আছি,
সংসার মায়া ভুলে গেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৬)

গোপীকা প্রেমে বদ্ধ আমি নই
আপন সুখে ঘুরে বেড়াই একলা আমি রই।
সবই আমার ঠাকুর বটে আমাতেই সব
আমাতেই উদ্ভব আমাতেই লয়।

(৩৭)

স্তর বিভাগ ছেড়ে গেছে
একলা আমার আসন,
সুখে আছি সুখেই থাকব
ধন্য হলেম ধরায় ;
কে আছ এস না তোমরা
সুখের খবর দিব তোমায়
দুর্গা-কালী সবই আমি
অসীম শক্তি ধরি।
কৃষ্ণ কিন্তু পৃথক নয় আমাতেই রয়
আপনে আপনে চলছে সাধন
ইচ্ছা করে নয়।
এক সত্ত্বা পৃথক কিছু নয়
একিভূত হয়ে আছি বিশ্বময়।
ভাষার অতীত কথা
তুমি আমি নাই এথা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৮)

আমি ছাড়া নাই কেহ
মা মেয়ের খেলাটি জমেছে ভাল,
বেশ একটু রগড় হ'ল
আপনি ডেকে আপনি শুনিল।

(৩৯)

ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর
কে বা কার ঈশ্বর,
সবই আত্মায় উদ্ভব, আত্মায় লয়
ব্রহ্ম ব্রহ্ম ব্রহ্মময়।

(৪০)

পদ্মে পদ্মে ফুটে আছি
আপন শোভা আপনি দেখি,
তুই নিয়া করেছিলাম সাধন,
সাধন করে দেখি একাই এখন।
সদা প্রসন্ন নাহি কোন ভয়
অমৃত অমৃত অমৃতময়।

(৪১)

ব্রহ্ম বলে বেদে যারে গায়
আমিই ত সেই ব্রহ্ম নিখিল ধরায়,
মিছা মিছি খেলেছিলাম
আপন সুখে আপনি রইলাম,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্য বাঁধন বেঁধেছিল মিথ্যা এমন নয়,
খেলা ছেড়ে চলে এলাম আত্মানন্দময়।

(৪২)

জগতে এসেছি একটু ব্রহ্ম কথা বলব বৈ কি
বান ডেকে গেল
কে শুনবে বল
সকলই পরম আত্মা বটে
জীব আত্মা হল কর্ম্মদোষে।

(৪৩)

শোন শোন বন্ধুগণ
বিষয় সুখ দুঃখের কারণ,
অন্তর সুখ হরিভজন।
সবার মধ্যে থেকে কিছুর মধ্যে নয়,
ইহাই অস্পর্শ যোগ কয়।

(৪৪)

শ্রীকৃষ্ণ পাওয়া লাগি
ব্রজধামে করেছিলাম কাত্যায়ণী পূজা ;
অন্তরে পেয়েছি সাড়া
আমিই সেই কাত্যায়ণী শক্তি স্বরূপা।
বিরহ-ব্যথা গিয়াছে চলে
একলা আছি আপন সুখে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কে বা কৃষ্ণ কে বা রাধা কে বা গোপী
আত্মলীলা প্রকাশে ধরেছে মূরতি।

(৪৫)

মূল হইতে ফুল ফুটিল
একটী মাত্র কথা কইল,
দেহ বর্জ্জিত আত্মা
আপন স্বরূপ ভুমা।

(৪৬)

মন তুই আমার কি করবি।
আমি শাশ্বত যোগে আছি,
জলের তরঙ্গ জল হয় লয়
তাতে কিবা আছে ভয়।

(৪৭)

দেহ অভিমান গেছে ছেড়ে
আছি আমি অমর হয়ে,
তোমরাও অমর হতে পার,
যদি আত্মতত্ত্ব ধর ;
তুমিই সেই ব্রহ্ম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪৮)

প্রেম-লহরী কে নিবি আয় না
নাগর নাগরী।
আপন গলায় আপনি পরি
দেখে প্রেম লহর মালা,
নিতে চায় অভাবে আছে যারা।

(৪৯)

দ্রব্য যজ্ঞ হইতেও জপ যজ্ঞ শ্রেষ্ঠ
জপ যজ্ঞ কর সবে,
মুখ দিয়া আগুন বাহির হবে
তপস্যার শেষে।

(৫০)

শান্তভাবে আছি সদা
নাই কোন ব্যাকুলতা,
যত আছে লীলা আদি
যত আছে দৃশ্য আদি,
সবই স্বপ্নময়
মূলে কিছু নয়।

(৫১)

কে রে পুরুষ তুমি এস মোর কাছে
কেহই পুরুষ নয় প্রকৃতিই সবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যত দেখ তরঙ্গ
মায়ের হাসি খেলা রঙ্গ,
ভয়ের কিছু নাই কো কারণ
অক্ষয় যোগে আছি এখন।

(৫২)

দুর্জ্ঞেয় ভেদ করিয়া উঠেছি এবার
আমিই ব্রহ্ম বলি বার বার।

(৫৩)

আমিটা ত মরেই গেল
দেহ বুদ্ধি চলে গেল,
অমৃতে পেয়েছি ঠাঁই
কভু ত বিনাসের সম্ভাবনা নাই।
স্বপ্ন রাজ্য গেল চলি
আমারে আমি প্রণমি প্রণমি।

———

সমাপ্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi